

প্রেস বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণ শুরু
সকল কর্মচারীকে বাৎসরিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ দেয়া হবে


ঢাকা, ১৫/১১/২০১৫

জনপ্রশাসন মন্ত্রণালয়ে কর্মরত সকল কর্মচারীকে প্রতিমাসে ৫ ঘন্টা করে বছরে ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। আজ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, অফিস সহকারী, অফিস সহায়ক ও গাড়ীচালকসহ মন্ত্রণালয়ের মোট ৩২৯ জন কর্মচারীকে ৫টি ব্যাচে এ প্রশিক্ষণ দেয়া হবে।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, দেশের উন্নয়নকে গতিশীল রাখতে দক্ষ জনপ্রশাসনের বিকল্প নেই। আর দক্ষ জনবল সৃষ্টিতে নিয়মিত প্রশিক্ষণ অপরিহার্য। জনপ্রশাসনকে জনবান্ধব করতে প্রশাসনে প্রতিনিয়ত যুক্ত হচ্ছে নতুন নতুন ধারণা ও কর্মকৌশল। এই ধারণা ও কর্মকৌশলের সাথে খাপখাইয়ে নিজেকে সেবা প্রদানের জন্য দক্ষ কর্মচারী হিসেবে গড়ে তুলতে হবে। এ ধরনের প্রশিক্ষণ সকল মন্ত্রণালয় চালু করবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বলেন, কর্মকালীন প্রশিক্ষণ কর্মচারীকে সবসময় সতেজ রাখে। প্রস্তুত মানুষ তৈরী করাই প্রশিক্ষণের কাজ।

এ সময় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ ইব্রাহীম হেসেন খানসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



মোঃ তোহিদুল ইসলাম
সিনিয়র তথ্য অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবাইলঃ ০১৭১৮৫৪৩৬২৫